গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
শাখা-৭।

নং-ভূঃমঃ/শা-৭/বিবিধ-৪৯/২০০২- ৫১১, তারিখ: ৩০/১০/২০০২ খ্রিঃ

# প্রজ্ঞাপন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ভূমি মন্ত্রণালয় এবং স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের মধ্যে গত ৭ অক্টোবর '২০০২ তারিখে সম্পাদিত সমঝোতা স্মারক মোতাবেক স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতাধীন ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্প-এর মাধ্যমে উন্নীত/উন্নয়নাধীন জলমহালসমূহ পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি (পাবসস) বরাবর ইজারা/বন্দোবস্ত প্রদানের জন্য সরকার নিম্নেবর্ণিত কমিটিসমূহ গঠন করলেন।

২। উপজেলা পর্যায়ের কমিটি

(ক) ২০ একর পর্যন্ত জলমহালসমূহ পাবসস-এর অনুকূলে বন্দোবস্ত প্রদানের প্রস্তাবসমূহ নিম্নেবর্ণিত কর্মকর্তা সমন্বয়ে গঠিত কমিটি বিবেচনা করবেনঃ

| | | | |
|---|---|---|---|
| (১) | উপজেলা নির্বাহী কর্মকর্তা | - | সভাপতি |
| (২) | সহকারী কমিশনার (ভূমি) | - | সদস্য |
| (৩) | উপজেলা কৃষি কর্মকর্তা | - | সদস্য |
| (৪) | উপজেলা মৎস্য কর্মকর্তা | - | সদস্য |
| (৫) | উপজেলা সমবায় কর্মকর্তা | - | সদস্য |
| (৬) | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | - | সদস্য |
| (৭) | উপজেলা প্রকৌশলী | - | সদস্য সচিব |

(খ) উপজেলা পর্যায়ের কমিটির কার্যপরিধি নিম্নরূপ হবে:

(১) কমিটি প্রস্তাবিত জলমহালসমূহ সমবায় আইন অনুযায়ী নিবন্ধণকৃত পাবসস এর অনুকূলে ভূমি মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত নীতিমালা অনুসরণে ৫ (পাঁচ) বৎসর মেয়াদী (নবায়নযোগ্য) বন্দোবস্ত প্রদানের সুপারিশ করবে।

(২) প্রকল্পের আওতায় বিদ্যমান জলাশয়সমূহের ব্যাপারে কমিটি ভূমি মন্ত্রণালয়ের জলমহাল নীতিমালার আলোকে পাবসস এর নিকট ইজারা/বন্দোবস্ত প্রদানের সুপারিশ করবে।

(৩) প্রকল্পের আওতায় সম্পূর্ণ নতুনভাবে উন্নীত জলমহাল (যে সকল জলমহাল ইতোপূর্বে কখনও ইজারা দেয়া হয়নি) এর ক্ষেত্রে কমিটি জলমহালের প্রকৃতি ও উৎপাদন ক্ষমতার ভিত্তিতে প্রথমবারের মত ইজারা মূল্য নির্ধারণ করবে। পরবর্তী মেয়াদের জন্য এই ইজারা মূল্য ভূমি মন্ত্রণালয়ের জলমহাল নীতিমালার আলোকে নির্ধারিত হবে।

(৪) কমিটি প্রয়োজন মোতাবেক বৈঠকে মিলিত হবে।

১৪৮/

৩। জেলা পর্যায়ের কমিটি

(ক) ২০ একরের উর্দ্ধে আয়তন বিশিষ্ট জলমহাল ইজারা প্রদানের প্রস্তাবসমূহ নিম্নেবর্ণিত কর্মকর্তা সমন্বয়ে গঠিত কমিটি বিবেচনা করবেনঃ

| | | | |
|---|---|---|---|
| (১) | জেলা প্রশাসক | - | সভাপতি |
| (২) | অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) | - | সদস্য |
| (৩) | উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | - | সদস্য |
| (৪) | নির্বাহী প্রকৌশলী, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড | - | সদস্য |
| (৫) | জেলা মৎস্য কর্মকর্তা | - | সদস্য |
| (৬) | জেলা সমবায় কর্মকর্তা | - | সদস্য |
| (৭) | উপ-পরিচালক/সহকারী পরিচালক যুব উন্নয়ন অধিদপ্তর | - | সদস্য |
| (৮) | নির্বাহী প্রকৌশলী, এলজিইডি | - | সদস্য সচিব |

(খ) জেলা পর্যায়ের কমিটির কার্যপরিধি নিম্নরূপ হবে:

(১) কমিটি প্রস্তাবিত জলমহালসমূহ সমবায় আইন অনুযায়ী নিবন্ধণকৃত পাবসস এর অনুকূলে ভূমি মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত নীতিমালা অনুসরণে ৫ (পাঁচ) বৎসর মেয়াদী (নবায়নযোগ্য) বন্দোবস্ত প্রদানের সুপারিশ করবে।

(২) প্রকল্পের আওতায় বিদ্যমান জলাশয়সমূহের ব্যাপারে কমিটি ভূমি মন্ত্রণালয়ের জলমহাল নীতিমালার আলোকে পাবসস এর নিকট ইজারা/বন্দোবস্ত প্রদানের সুপারিশ করবে।

(৩) প্রকল্পের আওতায় সম্পূর্ণ **নতুনভাবে উন্নীত জলমহাল** (যে সকল জলমহাল ইতোপূর্বে কখনও ইজারা দেয়া হয়নি) এর ক্ষেত্রে কমিটি জলমহালের প্রকৃতি ও উৎপাদন ক্ষমতার ভিত্তিতে প্রথমবারের মত ইজারা মূল্য নির্ধারণ করবে। পরবর্তী মেয়াদের জন্য এই ইজারা মূল্য ভূমি মন্ত্রণালয়ের জলমহাল নীতিমালার আলোকে নির্ধারিত হবে।

(৪) কমিটি প্রয়োজন মোতাবেক বৈঠকে মিলিত হবে।

৪। আন্তঃমন্ত্রণালয় কমিটি

(ক) নিম্নেবর্ণিত কর্মকর্তা সমন্বয়ে গঠিত কমিটি সমঝোতা স্মারক মোতাবেক ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্পের আওতাধীন জলমহালসমূহ ব্যবস্থাপনা কার্যক্রম সঠিক ভাবে বাস্তবায়ন মনিটর করবেন।

| | | | |
|---|---|---|---|
| (১) | যুগ্ম-সচিব (প্রশাসন), ভূমি মন্ত্রণালয় | - | আহ্বায়ক |
| (২) | উপ-সচিব (উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ | - | সদস্য |
| (৩) | উপ-সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | - | সদস্য |
| (৪) | উপ-সচিব, মৎস্য ও পশু সম্পদ মন্ত্রণালয় | - | সদস্য |
| ৫) | উপ-সচিব, (সায়রাত) ভূমি মন্ত্রণালয় | - | সদস্য |
| (৬) | উপ-প্রধান, ভূমি মন্ত্রনালয় | - | সদস্য |
| (৭) | যুগ্ম-নিবন্ধক, সমবায় অধিদপ্তর | - | সদস্য |
| (৮) | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পানি সম্পদ ও পরিবেশ ব্যবস্থাপনা), এলজিইডি | - | সদস্য সচিব |

(খ) আন্ত:মন্ত্রণালয়ের কমিটির কার্যপরিধি নিম্নরূপ হবে:

(১) ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টর প্রকল্পের আওতাভূক্ত জলমহাল সমূহের বন্দোবস্ত যথাযথ ভাবে সম্পন্ন হচ্ছে কিনা তা পরিবীক্ষণ করবে, প্রয়োজনে সরেজমিনে পরিদর্শন করবে এবং নিয়মিত সরকারের (ভূমি মন্ত্রণালয় ও স্থানীয় সরকার বিভাগ) নিকট রিপোর্ট দাখিল করবে।

(২) প্রকল্পের আওতাভুক্ত জলমহালসমূহের আয় ও উৎপাদন সম্পর্কে পর্যালোচনা করবে এবং সরকারের (ভূমি মন্ত্রণালয় ও স্থানীয় সরকার বিভাগ) নিকট প্রতিবেদন দাখিল করবে।

(৩) প্রকল্পের আওতাভুক্ত জলমহালসমূহের ব্যবস্থাপনা ও উন্নয়ন সংক্রান্ত বিষয়ে সরকারের (ভূমি মন্ত্রণালয় ও স্থানীয় সরকার বিভাগ) নিকট যে কোন প্রস্তাব বা সুপারিশ পেশ করবে।

(৪) সমঝোতা স্মারক বাস্তবায়নের লক্ষ্যে ভূমি মন্ত্রণালয়ে বিদ্যমান "সরকারী জলমহল, বালু মহাল ও পাথর মহাল ব্যবস্থাপনা নীতিমালা" এর ক্ষেত্রে প্রাসঙ্গিক/সংশোধন/ পরিবর্তনের প্রয়োজন হলে সে ব্যাপারে সরকারের (ভূমি মন্ত্রণালয় ও স্থানীয় সরকার বিভাগ) নিকট প্রস্তাব পেশ করবে।

(৫) কমিটি প্রতি ছয় মাসে অন্তত: একবার বৈঠকে মিলিত হবে।

(৬) কমিটি প্রয়োজনবোধে অপর যে কোন কর্মকর্তাকে কো-অপট করতে পারবে।

৫। সংশ্লিষ্ট উপজেলার উপজেলা প্রকৌশলী সহকারী কমিশনার (ভূমি) এর সাথে আলোচনাক্রমে বন্যা নিয়ন্ত্রণ এবং কৃষি ও মৎস্য উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে পানি সম্পদ উন্নয়নের জন্য প্রকল্পের আওতাধীন উপ-প্রকল্প এলাকাস্থ জলমহালসমূহ চিহ্নিত করবেন এবং পাবসস এর অনুকূলে বন্দোবস্তের লক্ষ্যে ২০ একর পর্যন্ত জলমহালসমূহ উপজেলা পর্যায়ের কমিটির নিকট প্রস্তাব পেশ করবেন এবং ২০ একরের উর্দ্ধে আয়তন বিশিষ্ট জলমহালসমূহের বিবরণ এলজিইডি'র জেলা নির্বাহী প্রকৌশলীর নিকট প্রেরণ করবেন। নির্বাহী প্রকৌশলী প্রয়োজনীয় যাচাই বাছাই পূর্বক পাবসস এর অনুকূলে জলমহালসমূহ ইজারা প্রদানের জন্য জেলা পর্যায়ের কমিটির নিকট প্রস্তাব পেশ করবেন।

৬। উপজেলা পর্যায়ের কমিটির সুপারিশের ভিত্তিতে উপজেলা নির্বাহী কর্মকর্তা এবং জেলা পর্যায়ের কমিটি সুপারিশের ভিত্তিতে জেলা প্রশাসক পাবসস এর অনুকূলে জলমহালসমূহ ৫ (পাঁচ) বৎসর মেয়াদের জন্য (নবায়নযোগ্য) ইজারা প্রদান করবেন। তবে ইতোপূর্বে প্রদত্ত জলমহালসমূহের ইজারা নির্ধারিত মেয়াদ শেষ হওয়া পর্যন্ত বহাল থাকবে।

৭। ইজারা গ্রহীতা পাবসস ধার্যকৃত ইজারা মূল্য প্রতি বছর যথানিয়মে বন্দোবস্ত প্রাপ্তির ৩০ দিনের মধ্যে "জলমহাল ও পুকুর ইজারা (১/৪৬৩৪/০০০০/১২৬১) ভূমি রাজস্ব জলমহাল হইতে আয়" খাতে সরকারী কোষাগারে জমা প্রদান করবেন।

৮। ইজারা গ্রহীতা (পাবসস) ইজারা মূল্য পরিশোধ করতে ব্যর্থ হলে ২০ একর পর্যন্ত জলমহালসমূহ উপজেলা নির্বাহী কর্মকর্তা এবং ২০ একরের উর্দ্ধে আয়তন বিশিষ্ট জলমহালসমূহের ক্ষেত্রে জেলা প্রশাসক ইজারা গ্রহীতাকে কারণ দর্শানো সাপেক্ষে ইজারা বাতিল করতে পারবেন।

৯। ইজারা নবায়ন করা না হলে ইজারার মেয়াদ শেষ হবার সাথে সাথে ২০ একর পর্যন্ত জলমহালসমূহ উপজেলা নির্বাহী কর্মকর্তা এবং ২০ একরের উর্দ্ধে আয়তনবিশিষ্ট জলমহালসমূহের ক্ষেত্রে জেলা প্রশাসক জলমহালের দখল গ্রহণ করবেন এবং ভূমি মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত নীতিমালা অনুসরণে পরবর্তী ব্যবস্থাদি গ্রহণ করবেন।

১০। ইজারা গ্রহীতা (পাবসস) বন্দোবস্ত জলমহাল প্রকল্প বহির্ভূত অন্য কোন উদ্দেশ্যে ব্যবহার করলে ২০ একর পর্যন্ত জলমহালসমূহ উপজেলা নির্বাহী কর্মকর্তা এবং ২০ একরের উর্দ্ধে আয়তনবিশিষ্ট জলমহালসমূহের ক্ষেত্রে জেলা প্রশাসক ইজারা বাতিল করতে পারবেন।

১১। ইজারা গ্রহীতা (পাবসস) সৃষ্ট/উন্নীত জলাশয়সমূহের পরিচালনা ও রক্ষণাবেক্ষণের দায়িত্বে থাকবে এবং জলমহালের পরিসীমা বজায় রাখবেন ও তা সংরক্ষণ করবেন।

১২। ইজারা গ্রহীতা (পাবসস) বন্দোবস্তকৃত জলাশয়ে পানি নিষ্কাশন ও পানি সংরক্ষণসহ বন্যা ব্যবস্থাপনা, কৃষি ও মৎস্য উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে পানি সম্পদ উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন করবেন। তবে জনসাধারণ গার্হস্থ্য প্রয়োজনে জলমহালসমূহের পানি ব্যবহার করতে পারবে।

১৩। এই আদেশ জনস্বার্থে জারী করা হল এবং ইহা অনতি বিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(শরীফ তৈয়বুর রহমান) ৩০/১০/০২
যুগ্ম সচিব (প্রশাসন)
ভূমি মন্ত্রণালয়।

স্মারক নং-ভূঃমঃ/শা-৭/বিবিধ-৪৯/২০০২- ৫১১/১(১১), তারিখ: ৩০/১০/২০০২ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হল:

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, মৎস্য ও পশু সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট বিভাগ।
৫। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্বাঃ/অস্পষ্ট
(বদরুদ্দিন আহমেদ)
সহকারী সচিব
ফোনঃ ৮৬১৩৬৪০-৯/৩৫৬৬

স্মারক নং-ভূঃমঃ/শা-৭/বিবিধ-৪৯/২০০২- ৫১১/২(১৪২৭), তারিখ: ৩০/১০/২০০২ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল:

১। জেলা প্রশাসক (সকল), জেলা: .................................।
২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) (সকল), জেলা: .....................................
৩। উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল), উপজেলা; .........................., জেলা: ........................
৪। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা। তাকে প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশ করার জন্য অনুরোধ করা হল।
৫। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (সকল), জেলা: .................................
৬। উপজেলা প্রকৌশলী, এলজিইডি (সকল), উপজেলা: ........................ জেলা: ....................

৩০/১০/০২
(বদরুদ্দিন আহমেদ)
সহকারী সচিব
ফোনঃ ৮৬১৩৬৪০-৯/৩৫৬৬